# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**03-05-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) কড়া নিরাপত্তার মধ্যে রাজ্যে বিধানসভা নির্বাচনে আগামীকাল ২৯৩ টি আসনে ভোট গণনা।
# সকাল ৮টা থেকে প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর EVM-এর গণনা শুরু হবে।
গণনা কেন্দ্রে গন্ডগোলের কোন আশঙ্কা নেই বলে আশ্বাস দিয়েছেন, বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত।

২) নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রের ভোট সম্পূর্ণ বাতিল করে ২১-শে মে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। গণনা ২৪-শে মে।

৩) বিভিন্ন গণনা কেন্দ্রে সুরক্ষা ব্যবস্থা নিয়ে রাজনৈতিক দলগুলির মধ্যে অভিযোগ, পালটা অভিযোগে চাপানোতর তুঙ্গে।

৪) গণনার দিন রাজ্যের বিভিন্ন জেলায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

৫) ডাক্তারিতে স্নাতক পর্যায়ে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট ইউজি আজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।

৬) আইপিএল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্স ৭ উইকেটে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনে দক্ষিণ ২৪ পরগণার ফলতা বাদে ২৯৩ টি আসনে আগামীকাল ভোট গণনা । সকাল ৮ টা থেকে শুরু হবে গণনা। প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর EVM-এর গণনা হবে।

নির্বাচন কমিশন ভোটগণনা অবাধ ও স্বচ্ছ রাখতে ব্যাপক **বন্দোবস্ত** করেছে। প্রতিটি গণনাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে জারি হয়েছে বিধি নিষেধ। সিসিটিভি ক্যামেরা ও ভিডিওগ্রাফির মাধ্যমে পুরো প্রক্রিয়ার ওপর নজর রাখা হচ্ছে। একটি প্রতিবেদন-

( ভিসি- অভিরূপ )

গণনা পর্ব সুষ্ঠু ও অবাধ করতে সবরকম ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত। বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানান, গণনা কেন্দ্রে যেরকম ব্যবস্থাপনা করা হয়েছে, সেখানে গন্ডগোল হওয়ার কোন সুযোগ নেই।

(বাইট – সুব্রত গুপ্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, দক্ষিণ ২৪ পরগনার **ফলতা** বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। নতুন করে ভোটগ্রহণের দিন ধার্য হয়েছে ২১শে মে। সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেওয়া হবে। গণনা ২৪শে মে।

ফলতা কেন্দ্রের ২৮৫ টি বুথেই ভোটগ্রহণ প্রক্রিয়া গুরুতরভাবে **প্রভাবিত** হয়েছে বলে, কমিশনের রিপোর্টে উঠে এসেছে। স্ক্রুটিনিতে দেখা গেছে, সেখানে একাধিক বুথে ইভিএমে কারচুপি, ভোটারদের ভয় দেখানো এবং ভোটগ্রহণের ক্ষেত্রে গুরুতর নিয়মভঙ্গের ঘটনা ঘটেছে। বহু বুথে ব্যালট ইউনিটের বোতামে কালো টেপ লাগানো ছিল। এর ফলে ভোটাররা সঠিকভাবে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। একাধিক বুথে ভিডিও রেকর্ডিং পাওয়া যায়নি, কোনো বুথে তা' অসম্পূর্ণ বা কোথাও ফুটেজে অসঙ্গতি ধরা পড়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনে ২৯৪ টি আসনের ভোট গণনার জন্য মোট ৪৩২ জন গণনা পর্যবেক্ষক নিয়োগ করেছে নির্বাচন কমশন। তবে, আগামীকাল ফলতা বাদে ২৯৩ টি আসনে

ভোট গণনা হলেও, নির্বাচন কমিশন আজ ২৯৪ টি আসনের জন্য জেলাভিত্তিক গণনা পর্যবেক্ষকের তালিকা প্রকাশ করেছে।

এর মধ্যে উত্তর ২৪ পরগণার ৩৩'টি আসনে সবচেয়ে বেশী ৪৯ জন পর্যবেক্ষক রয়েছেন। এরপরেই রয়েছে দক্ষিণ ২৪ পরগণা, সেখানে ৩১টি আসনে ৪৫ জন পর্যবেক্ষক থাকার কথা। যদিও, এই জেলার ফলতা আসনে আগামীকাল গণনা হবেনা।

এছাড়াও, কলকাতার ১১টি আসনে গণনা পর্যবেক্ষক থাকছেন, ১২ জন । মুর্শিদাবাদের ২২-টি আসনে ৩৩ এবং মালদার ১২ টি আসনে ১২ জন পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের গণনা প্রক্রিয়াকে সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন অতিরিক্ত গণনা পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক মোতায়েন করেছে। ১৬৫ জন অতিরিক্ত গণনা পর্যবেক্ষক এবং ৭৭ জন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

বহরমপুর গার্লস কলেজ সহ মুর্শিদাবাদের ৫ টি ভোট গণনা কেন্দ্রে ২২ টি বিধানসভা আসনের ভোট গণনা হবে আগামীকাল। প্রস্তুতি নিয়ে বিস্তারিত জানাচ্ছেন আমাদের জেলা সংবাদাতা মামুন ফারুক।

(ভয়েস – মামুন)

উত্তর ২৪ পরগনা থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, জেলার গণনা কেন্দ্রগুলির সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা।।

( ভয়েস – পল্লব)

অন্য জেলাগুলিতেও গণনা কেন্দ্রগুলিতে রয়েছে কঠোর নিরাপত্তা ব্যবস্থা।

oooooooooooooooooooooo

রাজ্যে ভোট পরবর্তী পরিস্থিতিতে বিজেপি সর্বত্র শান্তি বজায় রাখার আবেদন জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, ২০১৬ এবং ২০২১-এর বিধানসভা নির্বাচনের পর যে হিংসার ঘটনা ঘটেছে, তার যেন পুনরাবৃত্তি না হয়, সেজন্য মানুষের কাছে আবেদন জানান। তিনি বলেন, এই নির্বাচনে মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে। একটি রাজনৈতিক দল মরিয়া হয়ে বিভিন্ন জায়গায় অবাঞ্ছিত মানুষকে একত্র করার চেষ্টা চালাচ্ছে, তবে, এভাবে গণনায় ব্যাঘাত ঘটানো যাবে না।

(বাইট – শমীক)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গণনায় স্বচ্ছতা বজায় রাখার দাবি জানিয়েছেন। বিধানভবনে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এবার ভোটদানের হার অনেক বেড়েছে। তবে, বহু বৈধ ভোটার ভোট দিতে পারেননি। বিভিন্ন রাজনৈতিক দলগুলি স্ট্রংরুমের সামনে জমায়েত নিয়ে যে সমস্ত অভিযোগ আনছেন, তাতে রাজ্যে রাজনৈতিক উত্তাপ বাড়ছে।

(বাইট – শুভঙ্কর)

oooooooooooooooooooooo

রাজ্যে  ভোট গণনার দিন দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। দফতরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা সহ পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টির পরিমাণ বাড়বে।

(বাইট – সৌরিশ)

সমুদ্র উত্তাল থাকায় আগামী তিনদিন মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

ডাক্তারিতে স্নাতকস্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট আজ অনুষ্ঠিত হয়েছে। গোটা দেশে প্রায় ২৩ লাখ পরীক্ষার্থী এমবিবিএস ও বিডিএসে ভর্তির এই প্রবেশিকা পরীক্ষা দিয়েছেন। দুপুর দুটো থেকে পাঁচটা পর্যন্ত একটি শিফটে পরীক্ষা হয়। সুষ্ঠুভাবেই পরীক্ষা সম্পন্ন হয়েছে বলে ন্যাশনাল টেস্টিং এজেন্সি জানিয়েছে। এবার মহিলা পরীক্ষার্থীর সংখ্যা বেশি ছিল। প্রায় সাড়ে তেরো লক্ষ মহিলা ও সাড়ে ন লক্ষ পুরুষ পরীক্ষার্থীর এ বছর পরীক্ষা দিয়েছেন। কয়েকদিনের মধ্যেই ন্যাশনাল টেস্টিং এজেন্সি 'প্রভিশনাল অ্যানসার কি' প্রকাশ করবে। পরীক্ষার্থীরা এটি যাচাই করতে ও প্রয়োজনে আপত্তি জানাতে পারবেন। তারপর চূড়ান্ত অ্যানসার কি প্রকাশ করা হবে।

oooooooooooooooooooooo

হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে আজ আই পি এল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স ৭ উইকেটে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে। টসে জিতে প্রথমে ব্যাট করে সানরাইজার্স ১৯ ওভারে ১৬৫ রানে অলআউট হয়ে যায়। ট্র্যাভিস হেড ৬১, ঈশান কিষান ৪২ রান করেন। কলকাতার হয়ে বরুন চক্রবর্তী তিনটি, কার্তিক ত্যাগী, সুনীল নারিন দুটি করে উইকেট নিয়েছেন। জবাবে ব্যাট করতে নেমে কলকাতা ৩ উইকেট হারিয়ে ১৮

ওভার ২ বলে লক্ষ্যে পৌঁছে যায়। অংক্রিস রঘুবংশী ৫৯, অধিনায়ক অজিঙ্ক রাহানে ৪৩ রান করেন। বরুন ম্যাচের সেরা হয়েছেন

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০